

স্মারক নং-২০১৯/

তারিখঃ ২৬/১১/২০১৯ খ্রিঃ

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীন পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়ন থেকে ০১ (এক) জন উলানটির ডায়গনস্টিক নিয়োগ/সিলেকশন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ১২/১২/২০১৯ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতা:

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪০ বছর হতে হবে।
- ৩। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে।
- ৪। চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে না।
- ৫। প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ৩ মাস ব্যাপী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৬। প্রকল্প থেকে প্রতিটি গবাদিপশুর জন্য (গরু/মহিষ/ছাগল/ভেড়া) প্রতি ডোজ ভ্যাক্সিন প্রদান বাবদ ৫(পাঁচ) টাকা করে সম্মানী প্রদান করা হবে।
- ৭। প্রাপ্ত সুবিধাদি শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রযোজ্য হবে।

(ডাঃ মোঃ নূরুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সালথা, ফরিদপুর।

তারিখঃ ২৬/১১/২০১৯ ইং

স্মারক নং-২০১৯/২২০ (১৬)

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে অনুলিপি প্রদান করা হইল।

- ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সালথা, ফরিদপুর।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, সালথা, ফরিদপুর।
- ৩। উপজেলা মৎস কর্মকর্তার কার্যালয়।
- ৪। সরকারি প্রোগ্রামার, সালথা, ফরিদপুর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫-১২। ইউনিয়ন পরিষদ.....(সকল)।
- ১৩। অফিস কপি।

Amrullah Islam

(ডাঃ মোঃ নূরুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সালথা, ফরিদপুর।